বক্তৃতাকালে জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে ভর্তি

চেম্বার ডেস্ক:: জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

স্থানীয় গণমাধ্যমের বরাতে বিবিসি’র খবরে বলা হয়, নারা শহরে একটি অনুষ্ঠানে তার ওপর গুলি চালায় হামলাকারী।

নিউজ ব্রডকাস্টার এনএইচকে-এর খবরে বলা হয়, বক্তৃতা যখন মাঝামাঝি পর্যায়ে তখন পেছন থেকে গুলিবিদ্ধ হন অ্যাবে। তার শরীর থেকে রক্তক্ষরণ হতে দেখা গেছে।

টোকিওর প্রাক্তন গভর্নর ইয়োচি মাসুজো এক টুইট বার্তায় জানিয়েছেন, গুলিবিদ্ধ অ্যাবে বর্তমানে কার্ডিওপালমোনারি অ্যারেস্টের শিকার হয়েছেন।

প্রতিবেদন অনুযায়ী, জাপানে আনুষ্ঠানিকভাবে মৃত্যু নিশ্চিত হওয়ার আগে প্রাথমিক প্রতিবেদনে প্রায়ই কার্ডিওপালমোনারি অ্যারেস্ট শব্দটি ব্যবহৃত হতে দেখা যায়।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, হামলাকারীকে এরইমধ্যে হেফাজতে নিয়েছে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

প্রসঙ্গত, জাপানে হ্যান্ডগান নিষিদ্ধ হওয়ায় দেশটিতে বন্দুক সহিংসতার ঘটনা বেশ বিরল।